অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/24/2022 **গভর্নর ক্যাথি হোকল**

5 - 11 বছর বয়সীদের #VAXFORKIDS স্টিকার ডিজাইন প্রতিযোগিতার বিজয়ীদের নাম ঘোষণা করেছেন গভর্নর হোকল

অল্প বয়সী নিউ ইয়র্কবাসীদের টিকা গ্রহণ করার গুরুত্ব প্রচারের উদ্দেশ্যে সোশ্যাল মিডিয়ায় উদ্যোগটি চালু হয়েছিল

বাবা-মা ও অভিভাবকরা তাদের সন্তানদের পক্ষে ডিজাইন জমা দিয়েছেন

"টিকা নিন, শিক্ষা অর্জন করুন, গ্র্যাজুয়েট হোন" শীর্ষক SUNY/CUNY স্কলারশিপ কর্মসূচির বিজয়ীদেরকে নিয়ে বিচারক প্যানেল গঠিত হয়; মোট 9 জন বিজয়ী
বিজয়ী ডিজাইনগুলো দেখুন এখানে

গভর্নর হোকল আজ নিউ ইয়র্ক স্টেটের 5 - 11 বছর বয়সীদের #VaxForKids স্টিকার ডিজাইন প্রতিযোগিতার বিজয়ীদের নাম ঘোষণা করেছেন। অল্প বয়সী নিউ ইয়র্কবাসীদের মধ্যে কোভিড-19 টিকা গ্রহণের প্রসার ঘটাতে এই প্রতিযোগিতা চালু করা হয়েছিল। বাবা-মা ও অভিভাবকরা তাদের সন্তানদের পক্ষে সোশ্যাল মিডিয়ায় ডিজাইন জমা দিয়েছেন।

"আমাদের অসাধারণ #VaxForKids প্রতিযোগিতার বিজয়ীদের অভিনন্দন, যাদের স্টিকারের ডিজাইনগুলো আরো বেশি নিউ ইয়র্কবাসীকে তোমাদের সাথে কোভিড-19 এর টিকা গ্রহণ করায় যোগ দিতে অনুপ্রাণিত করবে," **বলেছেন গভর্নর হোকল।** "টিকা গ্রহণ করার জন্য, আমাদের কমিউনিটিগুলোকে নিরাপদ ও সুস্থ রাখার জন্য, এবং তোমাদের অনন্য ডিজাইনগুলোর মাধ্যমে টিকা গ্রহণের গুরুত্বকে গর্বভরে উদযাপন করার জন্য আমি তোমাদের ও তোমাদের পরিবারকে ধন্যবাদ জানাই। ইতোমধ্যে 1.68 মিলিয়নেরও বেশি 5 - 17 বছর বয়সী শিশু টিকা গ্রহণ করেছে, এবং আমি সব বাবা-মা ও অভিভাবকের প্রতি তাদের শিশুদের টিকা গ্রহণ করা এবং সবগুলো সুপারিশকৃত ডোজ হালনাগাদ থাকা নিশ্চিত করার জন্য সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি। জীবন-রক্ষাকারী টিকা এই ভাইরাস ও গুরুতর রোগের বিরুদ্ধে এখন পর্যন্ত সবচেয়ে সেরা সুরক্ষা হিসেবে রয়ে গেছে।"

"টিকা নিন, শিক্ষা অর্জন করুন, গ্র্যাজুয়েট হোন" শীর্ষক SUNY/CUNY স্কলারশিপ বিজয়ীদের নিয়ে বিচারক প্যানেল গঠিত হয়, এবং স্টেটব্যাপী নয়জন বিজয়ীকে নির্বাচন করা হয়। বিজয়ী স্টিকার ডিজাইনগুলো স্টেটের #VaxForKids সংস্থান পেইজে, প্রকাশ্যে লভ্য রয়েছে, এবং

টিকাদানের ইভেন্ট আয়োজনকারী যেকোনো সংস্থা স্টিকারগুলো ডাউনলোড করে তাদের সাইটে বিলি করতে পারবে।

নিউ ইয়র্ক স্টেটের #VaxForKids স্টিকার ডিজাইন প্রতিযোগিতার বিজয়ীরা হলো:

- টেসা সি, 9, রাজধানী অঞ্চল
- সোফিয়া জে., 13, সেন্ট্রাল নিউ ইয়র্ক
- এলিজা জি., 7, ফিঙ্গার লেকস
- রোয়ান সি., 10, লং আইল্যান্ড
- বেকেট সি., 6, মিড-হাডসন
- সাশা এল., 9, নিউ ইয়র্ক সিটি
- মিলেনা পি., 9, নিউ ইয়র্ক সিটি
- সুজান জি., 11, সাদার্ন টিয়ার
- হান্নাহ এফ., ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

স্টেটের স্বাস্থ্য কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট বলেন, "আমাদের নিজেদের টিকা গ্রহণ করার গল্প শেয়ার করাটা অন্য কাউকে আত্মবিশ্বাসের সাথে টিকা গ্রহণ করার সিদ্ধান্ত নিতে সাহায্য করতে পারে। আমি আমাদের #VaxForKids স্টিকার ডিজাইন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বাবা-মা, অভিভাবক, ও শিশুদের প্রশংসা করি, এবং বিজয়ীদের সবাইকে তাদের কাজের জন্য অভিনন্দন জানাই। টিকা গ্রহণ করার জন্য এগিয়ে আসা 1.68 মিলিয়ন শিশুর কারণে আমাদের স্কুল, বাড়ি, ও কমিউনিটিগুলো ভাইরাস থেকে এবং এর সবচেয়ে খারাপ পরিণতি থেকে সুরক্ষিত রয়েছে। আমি সকল বাবা-মা ও অভিভাবকের প্রতি যথাশীঘ্র সম্ভব তাদের সন্তানদের কোভিড-19 এর বিরুদ্ধে পুরোপুরিভাবে টিকাপ্রাপ্ত হওয়া নিশ্চিত করার জন্য সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি।"

উপযুক্ত শিশু ও কিশোর-কিশোরীদের মধ্যে টিকা ও বুস্টার গ্রহণের হার বৃদ্ধির জন্য স্টেট সম্প্রতি বেশ কিছু উদ্যোগ গ্রহণ করেছে। এখন পর্যন্ত, স্টেটের #VaxForKids কর্মসূচির মাধ্যমে 261টিরও বেশি পপ-আপ সাইট স্থাপন করা হয়েছে, যার আগে #VaxToSchool ক্যাম্পেইনের মাধ্যমে 235টিরও বেশি সাইট স্থাপন করা হয়েছিল। CDC-এর ডাটা অনুযায়ী, নিউ ইয়র্ক স্টেট বর্তমানে বৃহৎ স্টেটগুলোর মধ্যে 12 - 17 বছর বয়সী পুরোপুরিভাবে টিকাপ্রাপ্তদের সংখ্যার দিক থেকে প্রথম অবস্থানে এবং 5 - 11 বছর বয়সী পুরোপুরিভাবে টিকাপ্রাপ্তদের সংখ্যার দিক থেকে দ্বিতীয় অবস্থানে রয়েছে। 23 মার্চ পর্যন্ত, 5 - 11 বছর বয়সী 41.9% শিশু এবং 12 - 17 বছর বয়সী 82.3% কিশোর-কিশোরী কমপক্ষে একটি ডোজ নিয়েছে এবং 5 - 11 বছর বয়সী 35.4% শিশু এবং 12 - 17 বছর বয়সী 72.4% কিশোর-কিশোরী তাদের প্রাথমিক টিকার সিরিজ সম্পন্ন করেছে। কোভিড-19 এর টিকা ও শিশুদের সম্পর্কে আরো তথ্য ও সংস্থানের জন্য বাবা-মা ও অভিভাবকদের ny.gov/VaxForKids ওয়েবসাইটে ভিজিট করতে উৎসাহিত করা হচ্ছে।

পাঁচ বা তার বেশি বয়সী শিশুরা ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকার পাওয়ার যোগ্য। 7 জানুয়ারি, 2022 পর্যন্ত, 12 বা তার বেশি বয়সী কিশোররা তাদের প্রাথমিক টিকা সিরিজ শেষ করার কমপক্ষে পাঁচ মাস পর ফাইজার-বায়োএনটেক টিকার বুস্টার ডোজ পাওয়ার যোগ্য।

পাশাপাশি, রোগ প্রতিরোধ ব্যবস্থায় নির্দিষ্ট কিছু সমস্যা রয়েছে এমন 5 - 11 বছর বয়সী শিশুরা এখন তাদের প্রাথমিক টিকার সিরিজ শেষ করার কমপক্ষে 28 দিন পরে ফাইজার-বায়োএনটেক টিকার বাড়তি ডোজ পাওয়ার যোগ্য।

কোভিড-19 টিকা বিনামূল্যে স্টেটে ব্যাপকভাবে পাওয়া যাচ্ছে, এর মধ্যে শিশুদের টিকা প্রদানের জন্য 2,000 স্থান। স্টেটের সব গণ টিকাদান কেন্দ্র পাঁচ বছর ও তারবেশি বয়সী শিশুদের জন্য টিকা, 12 বছর ও তারবেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের জন্য বুস্টার ডোজ, এবং রোগ প্রতিরোধ ব্যবস্থা দুর্বল থাকা পাঁচ বছর ও তারবেশি বয়সী শিশুদের জন্য বাড়তি ডোজ প্রদান করছে। স্টেটের পপ-আপ সাইট ও গণ টিকাদান কেন্দ্রগুলোর পাশাপাশি নিউ ইয়র্কবাসীরা vaccines.gov ওয়েবসাইটে যেতে পারেন, তাদের জিপ কোড লিখে 438829 নম্বরে টেক্সট করতে পারেন অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করতে পারেন। এছাড়াও বাবা-মা ও অভিভাবকরা তাদের সন্তানের শিশুরোগ বিশেষজ্ঞ, পারিবারিক চিকিৎসক, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, ফেডারেলভাবে যোগ্যতা অর্জনকারী স্বাস্থ্য কেন্দ্র (FQHC), গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র বা ফার্মেসি, যেগুলো এই বয়সী গ্রুপের জন্য টিকাদান পরিচালনা করছে, তাদের সাথে যোগাযোগ করতে পারেন। নিশ্চিত করুন যে প্রদানকারী ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকা প্রদান করে।

পিতা-মাতা ও অভিভাবকরা তাদের শিশুকে সমস্ত প্রস্তাবিত এবং প্রয়োজনীয় টিকা সম্পর্কে হালনাগাদ রেখেছেন তা নিশ্চিত করতে উৎসাহিত করা হচ্ছে, যার মধ্যে ফ্লু এর টিকা অন্তর্ভুক্ত। অনুগ্রহ করে স্বাস্থ্য দপ্তরের ওয়েবসাইট এ যান সুপারিশকৃত শৈশব এবং কৈশোরের টিকা সম্পর্কে আরও তথ্যের জন্য।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন